গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড**

"রেশম চাষ সম্প্রসারণ উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন" শীর্ষক প্রকল্প

রাঙ্গামাটি পার্বত্য জেলা

www.bsb.gov.bd

নং- ২৪.০৬.৮৪০০.০৩৪.০৩.০৪৪.১৮-

তারিখঃ ৩০ পৌষ, ১৪২৫ বাংলা

১৩ জানুয়ারী, ২০১৯ খ্রিস্টাব্দ

## আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন **"রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন"** শীর্ষক প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (প্রকল্প চলাকালীন সময়ের জন্য) নিম্নবর্ণিত পদসমূহে মাসিক সাকুল্য (Consolidated) বেতনে আউট সোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের নিমিত্তে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র প্রস্তাব আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | পদ সংখ্যা | ০১-০২-২০১৯ তারিখে বয়স (বছর) | বেতন স্কেল/ সাকুল্যে বেতন (জাতীয় বেঃস্কেঃ ২০১৫ অনুযায়ী) টাকা | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | রিলার<br>গ্রেড- ১৮ | ২ | সর্বনিম্ন ১৮ হতে অনধিক ৬০ | ৮৮০০-২১,৩১০/- | রিলার কাজে ১ বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে এস, এস, সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ২. | উইভার<br>গ্রেড- ১৮ | ১ | সর্বনিম্ন ১৮ হতে অনধিক ৬০ | ৮৮০০-২১,৩১০/- | উইভিং কাজে ১ বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে এস, এস, সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩. | ওয়ার্পার কাম-সাইজার<br>গ্রেড- ১৮ | ১ | সর্বনিম্ন ১৮ হতে অনধিক ৬০ | ৮৮০০-২১,৩১০/- | উইভিং কাজে ১ বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে এস, এস, সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | উউন্ডার কাম টুইষ্টার<br>গ্রেড- ১৮ | ১ | সর্বনিম্ন ১৮ হতে অনধিক ৬০ | ৮৮০০-২১,৩১০/- | উইভিং কাজে ১ বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে এস, এস, সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫. | অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর<br>গ্রেড- ১৬ | ১ | সর্বনিম্ন ১৮ হতে অনধিক ৬০ | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান এর পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry & Typing এ গতি বাংলায় প্রতি মিনিটে ১৫ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ। |

চলমান পাতা-১

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | পদ সংখ্যা | ০১-০২-২০১৯ তারিখে বয়স (বছর) | বেতন স্কেল/ সাকুল্যে বেতন (জাতীয় বেঃস্কেঃ ২০১৫ অনুযায়ী) টাকা | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ৬. | সহকারী মেকানিক গ্রেড- ১৮ | ১ | সর্বনিম্ন ১৮ হতে অনধিক ৬০ | ৮৮০০-২১,৩১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭. | ড্রাইভার গ্রেড- ১৬ | ১ | সর্বনিম্ন ১৮ হতে অনধিক ৬০ | ৯৩০০-২২৪৯০/- | গাড়ী চালনায় অন্ততঃ ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ এস, এস, সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮. | অফিস সহায়ক গ্রেড- ২০ | ২ | সর্বনিম্ন ১৮ হতে অনধিক ৬০ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলীঃ

০১। আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে হাল নাগাদ এতদসংক্রান্ত ট্রেড লাইসেন্স, ভ্যাট ও হাল-নাগাদ আয়কর পরিশোধের প্রমাণপত্র এবং জনবল সরবরাহের লাইসেন্স, সমপ্রকৃতির জনবল সরবরাহের কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সনদপত্র, সরকার অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংকের আর্থিক স্বচ্ছলতা সনদ এবং স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে সিলগালা অবস্থায় জামানতসহ দরপত্র প্রস্তাব প্রকল্প পরিচালক, **"রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন"** শীর্ষক প্রকল্প, বনরুপা, রাঙ্গামাটি" (এস এ পরিবহনের পিছনে) ডাকঘর+জেলা- রাংগামাটি-৪৫০০ দাখিল করতে হবে। অসম্পন্ন দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। ১৫-০১-২০১৯ খ্রীঃ হতে ১০-০২-২০১৯ খ্রীঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে দরপত্র প্রস্তাব দাখিল করা যাবে।

০৩। প্রতিটি পদের বিপরীতে যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে ৫০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রকল্প-পরিচালকের অনুকূলে জামানত হিসেবে প্রদান করতে হবে (ফেরৎ যোগ্য)।

০৪। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে অত্র কার্যালয় থেকে ৭ (সাত) দিনের মধ্যে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে।

০৫। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৬। সরবরাহকৃত জনবলের কাজের মান ও আচরন সন্তোষজনক না হলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিত করনের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে ন্যূনতম সমমানের জনবল সরবরাহ করতে হবে।

১৩/০১/১৯

(কাজী মুহাম্মদ মোজাম্মেল হক)
প্রকল্প পরিচালক (উপসচিব)
রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের
দারিদ্র বিমোচন শীর্ষক প্রকল্প
রাঙ্গামাটি পার্বত্য জেলা।
ইমেইল- bsdb.rangamati@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড**
"রেশম চাষ সম্প্রসারণ উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন" শীর্ষক প্রকল্প
রাঙ্গামাটি পার্বত্য জেলা
www.bsb.gov.bd

নং- ২৪.০৬.৮৪০০.০৩৪.০৩.০৪৪.১৮-২১ | তারিখঃ ৩০ পৌষ, ১৪২৫ বাংলা
১৩ জানুয়ারী, ২০১৯ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন **"রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন"** শীর্ষক প্রকল্পের জন্য কেবলমাত্র প্রকল্প মেয়াদকাল পর্যন্ত অর্থ বিভাগ হতে জারীকৃত জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্যে (Cosolidated) বেতনে নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের লক্ষ্যে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | ০১-০২-২০১৯ তারিখে বয়স (বছর) | বেতন স্কেল/ সাকুল্যে বেতন (জাতীয় বেঃস্কেঃ ২০১৫ অনুযায়ী) টাকা | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | ম্যানেজার (সম্প্রসারণ) গ্রেড- ১০ | ০৩ (তিন) | সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছর | ১৬০০০-৩৮৬৪০/- | তুঁতচাষ ও পলুপালন কাজে নূন্যতম ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ২য় শ্রেণীতে বি, এস্, সি অথবা জেনারেল সেরিকালচারে ২য় শ্রেণীর পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা |

শর্তাবলীঃ

১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ১ (এক) পাতার ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। এই নিয়োগ বিজ্ঞপ্তিসহ উক্ত ফরমটি বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ওয়েব সাইটে www.bsb.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

২। প্রকল্প পরিচালক, রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন শীর্ষক প্রকল্প, **"বনরুপা, রাঙ্গামাটি (এস এ পরিবহনের পিছনে)** বরাবর আবেদন করতে হবে। আবেদন আগামী **১৫/০২/২০১৯** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। ত্রুটিপূর্ণ /অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। দরখাস্তের সাথে শুধুমাত্র গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাঙ্কিত সীলসহ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০১(এক) কপি রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে এবং ০২ (দুই) কপি ছবি স্ট্যাপলার দিয়ে লাগিয়ে দিতে হবে এবং সকল সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে **"প্রকল্প পরিচালক, রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন শীর্ষক প্রকল্প"** রাঙ্গামাটি বরাবর ১০০/-(একশত) টাকার ব্যাংক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।

৫। সরকারি ও আধা-সরকারি সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। প্রচলিত বিধি অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে কোটা নীতি (প্রযোজ্য হলে ) অনুসরণ করা হবে।

৭। প্রকল্পের ডিপিপি মোতাবেক বেতন ভাতাদি পরিশোধ করা হবে।

৮। পরীক্ষা বা সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। এই নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনপত্র গ্রহণ বা বাতিল, নিয়োগ প্রদান করা/না করা বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারী করা হলো।

১৩/০১/১৯

(কাজী মুহাম্মদ মোজাম্মেল হক)
প্রকল্প পরিচালক (উপসচিব)
রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের
দারিদ্র বিমোচন শীর্ষক প্রকল্প
রাঙ্গামাটি পার্বত্য জেলা।
ইমেইল- bsdb.rangamati@gmail.com